গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, রাজশাহী
http://doict.rajshahi.gov.bd/

**জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূরুজ্জামান দেওয়ান<br>প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **১০/০১/২০২৪ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১১:০০ টা** |
| স্থান | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

**(সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট “ক” তে বর্ণিত হলো)**

সভাপতি সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ | সভায় গত ৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কারোও কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | গত ৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | --- |
| ০২. | ই-নথি/ ডি-নথি ব্যবহার | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করতে হবে। | প্রোগ্রামার, রাজশাহী এবং সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রাজশাহী |
| ০৩. | শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার | SOMS (Smart Office Management System) সফটওয়্যার এবং প্রথম ও দ্বিতীয় পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | SOMS (Smart Office Management System) সফটওয়্যারে soms.gov.bd তে লগইন করে প্রথম ও দ্বিতীয় পর্যায়ের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন লক্ষ্যমাত্রা নিধারণ এবং পরিদর্শন তথ্য আপলোড করা প্রতি মাসের ৫ তারিখের মধ্যে জেলা অফিসে রিপোর্ট প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | স্কুল অফ ফিউচার | রাজশাহী জেলা এবং মোহনপুর, চারঘাট, বাগমারা ও তানোর উপজেলায় স্কুল অফ ফিউচার এ ১৫ দিন ব্যাপী পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | রাজশাহী জেলা এবং মোহনপুর, চারঘাট, বাগমারা ও তানোর উপজেলায় স্কুল অফ ফিউচার এ ১৫ দিন ব্যাপী পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রোগ্রামার সংশ্লিষ্ট উপজেলায় কর্মরত সহকারী প্রোগ্রামারগণ কে নিয়মিত প্রশিক্ষণ তদারকি করার জন্য অনুরোধ জানান। | প্রোগ্রামার, রাজশাহী এবং সহকারী প্রোগ্রামার, মোহনপুর, চারঘাট, বাগমারা ও তানোর |
| ০৫. | আউটসোসিং/ ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | মাঠ পর্যায়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারের মাধ্যমে আউটসোসিং /ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ আয়োজন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | মাঠ পর্যায়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারের মাধ্যমে আউটসোসিং /ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ আয়োজন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত প্রশিক্ষণ জনাব মোহাঃ শহীদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, পবা, রাজশাহী সম্পন্ন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, পবা, রাজশাহী |
| ০৬. | 4IR বিষয়ক প্রশিক্ষণ | 4I R চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষক/ ছাত্র-ছাত্রীদের সাইবার/সোশাল-মিডিয়া সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। | 4I R চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষক/ ছাত্র-ছাত্রীদের সাইবার/সোশাল-মিডিয়া সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত আলোচনায় জনাব এস. এম. জি. আজম, সহকারী প্রোগ্রামার, বাঘা, রাজশাহী প্রশিক্ষণ আয়োজন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, বাঘা, রাজশাহী |
| ০৭. | ডিজিটাল নিরাপত্তা বিষয়ক | জেলা/ উপজেলায় সাধারণ জনগণ/কর্মকর্তা/কর্মচারী/ছাত্র-ছাত্রী/ শিক্ষকের ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ বিষয়ক সচেতনতামূলক ব্রিফিং প্রদান সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। | জেলা/ উপজেলায় সাধারণ জনগণ/কর্মকর্তা/ কর্মচারী/ছাত্র-ছাত্রী/ শিক্ষকের ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ বিষয়ক সচেতনতামূলক ব্রিফিং প্রদান সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত আলোচনায় ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ বিষয়ক সচেতনতামূলক ব্রিফিং প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন জনাব কামরুন্নাহার, সহকারী প্রোগ্রামার, গোদাগাড়ী, রাজশাহী মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, গোদাগাড়ী, রাজশাহী |
| ০৮. | সিটিজেন চার্টার আপলোড সংক্রান্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | ভিডিও কনফারেন্স এ সহযোগিতা প্রদান | উপজেলা প্রশাসনসহ যে কোন সরকারি দপ্তরকে ভিডিও কনফারেন্স এ কারিগরি বিষয়ে পরামর্শ বা সহযোগিতা করার বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা প্রশাসনসহ যে কোন সরকারি দপ্তরকে ভিডিও কনফারেন্স এ কারিগরি বিষয়ে পরামর্শ বা সহযোগিতা করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১০. | সুরক্ষা সংক্রান্ত | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত সেবা নিয়ে নানাবিধ আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত বিষয়ে সাধারণ জনগন সেবা নিতে আসলে সেবা গ্রহীতাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করতে হবে। | প্রোগ্রামার, রাজশাহী |
| ১১. | নিয়মিত ও নির্ভুল প্রতিবেদন দাখিল সংক্রান্ত | নিয়মিত ও নির্ভুল প্রতিবেদন দাখিল বিষয়ে আলোচনা করা হয়। | সকল প্রতিবেদন প্রেরণে সচেতন হতে হবে এবং যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে ও নিয়মিত ফলো-আপ নিতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১২. | যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি | যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়ার ব্যাপারে আলোচনা করা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী এর জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়সমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৩. | পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম সংক্রান্ত | অফিস কক্ষ নিয়মিত পরিস্কার পরিছন্ন রাখার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলা কার্যালয়ের অফিস কক্ষ নিয়মিত পরিস্কার পরিছন্ন রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৪. | বিবিধি | উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়। | উপর্যুক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব ও উদ্ভুত বিষয়সমূহে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সহিত পালনের মানসিকতা গড়ে তুলতে হবে এবং সে অনুযায়ী কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮-০১-২০২৪
মোঃ নূরুজ্জামান দেওয়ান
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৮১০০.০০০.০৬.০০১.২২.১৫

**বিতরণ :**

১। মাসিক সমন্বয় সভার সম্মানীত সদস্যবৃন্দ।

১৮-০১-২০২৪
মোঃ নূরুজ্জামান দেওয়ান
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)